

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০
e-mail: dmss@dgfood.gov.bd
web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৮-৩৪২

তারিখ : ২৫/০৪/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ নৌ পথে ১০০০ মেঃটন আমন'১৭-১৮ সিদ্ধ চালের চলাচল সূচি।

সূত্র : জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া এর ১৯/০৪/২০১৮ খ্রিঃ তারিখের ১৩.০৩.১২০০.০০৫.৫০.০১৩.১৬.৮৭৯ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আশুগঞ্জ এলএসডি'র আসন্ন বোরো চাল সংগ্রহের জন্য খালি জায়গার সৃষ্টির লক্ষ্যে জরুরী ভিত্তিতে ১০০০ মেঃটন আমন/১৭-১৮ সিদ্ধ চাল জেলার বাহিরে প্রেরণের জন্য সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ এর সাথে টেলিফোনিক চাহিদার প্রেক্ষিতে অপর পৃষ্ঠায় বর্ণিতভাবে নৌ পথে ১০০০ মেঃটন আমন'১৭-১৮ সিদ্ধ চালের চলাচল সূচি জারি করা হলো।

পরিবহণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলী পালনীয় ঃ-

- ১। সূচির বিপরীতে প্রেরিতব্য চাল সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত চালের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সুস্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানি বিশেষ তদারকি/নজরদারিতে চাল প্রেরণ করতে হবে।
- ২। প্রতি নৌ-যান প্রেরিত চালের নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে।
- ৩। কীট আক্রান্ত এবং নিম্নমানের কোন চাল প্রেরণ করা যাবে না।
- ৪। মাত্রাতিরিক্ত পরিবহণ ঘাটতির মূল্য আদায়ের ব্যবস্থা করতে হবে এবং ইনভয়েসের ফেরত কপি প্রেরকের নিকট যথাসময়ে পাঠাতে হবে।
- ৫। প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি এবং ভি-ইনভয়েস মনিটরিং করবেন এবং সপ্তাহ শেষে অত্র দপ্তরে প্রতিবেদন প্রেরণ করবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথথাতে প্রদর্শন করা যাবে না।
- ৬। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুত ও জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষরপূর্বক ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ৭। সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক / জেলা খাদ্য নিয়ন্ত্রক / সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ সূচি অনুযায়ী চাল প্রেরণ এবং গন্তব্যস্থানে মালামাল যথাযথভাবে পরিবহণ ও প্রাপ্তি মনিটরিং করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৮। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।
- ৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ১০। এই সূচির মেয়াদ আগামী ০৭/০৫/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- ১১। নৌ পথে মালামাল পরিবহণের ক্ষেত্রে পানির স্পর্শ বা অন্য কোন কারণে সংঘটিত হতে পারে এমন ক্ষয়ক্ষতির হাত হতে সরকারি মজুতকে রক্ষার জন্য ঠিকাদারের সরবরাহ করা জলযান সার্বিকভাবে পরিবহণের উপর্যুক্ত হতে হবে। ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত জলযানের উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ফিটনেস ও সার্ভে সার্টিফিকেট থাকতে হবে।

প্রাপক ঃ জেলা খাদ্য নিয়ন্ত্রক,
ব্রাহ্মণবাড়িয়া।

স্বাক্ষর

(মোঃ মিজানুর রহমান)
উপ-পরিচালক

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক

ফোন ঃ ০২-৯৫৫১৪২৮

তারিখ ঃ ২৫/০৪/২০১৮ খ্রিঃ

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৮-৩৪২(১)/২০

অনুলিপি ঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, সববি/হিসাব ও অর্থ/সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম/সিলেট।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা.....এলএসডি।
- ৮। অফিস কপি।


উপ-পরিচালক (সপ্লেস)

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ।

স্বাক্ষর
২৫.০৫.১৮

চলমান পাতা-২

